

সমুদ্র

এসো আমার চোখের ভেতর ঢুকে পড়ো -- আমার নাকের কানের ফুটো দিয়ে
 মাথার ভেতর তারপর রক্তনালী দিয়ে ঢুকে পড়ো রক্তবীজের ভেতর,
 যেন কখনই আর হারিয়ে না যেতে হয় তোমার থেকে।
 মেয়ে ধরার জাল, ছেলে ধরার জাল, মাছ ধরার জাল
 ঢুকে পড়ো আমার ভেতর বেলুনয়ালা ফুচকায়ালা, টিকিয়ায়ালা ঢুকে পড়ো।
 ভুলে যেও না
 আমারও একটা মানে আছে, জল আছে শিরায় শিরায়
 যাতে ওঠে জনস্তুভ আজো,
 ওঠে ফেনার পাথর।
 এই তো সেদিন এক পাল তোলা নৌকা মাঝি মাঝা নিয়ে,
 একটা জাহাজ টুপি পরা ক্যাপ্টেন নিয়ে
 ঢুকে পড়েছিল সেই জলে। তারা এখন আমার সঙ্গেই খায় দায় শোয়।
 মাঝি তাড়ি খায়, গান গায় মাঝ রাতে---
 ওই দূরে একখানি তরী দেখা যায়
 ক্যাপ্টেন চিৎকার করে-- জীবন নদীর ওপার থেকে কত চেউ ওঠে পড়ে....
 তারপর রাম খায় রোমিওর মতো, শুয়ে পড়ে পাশাপাশি বালির বালিশে
 জলের চাদর গায়ে দিয়ে।
 অনেক তো হলো, চেষ্টাও হলো না কিছু কম শীত গ্রীষ্ম বর্ষায় বাইরে ও ঘরে,
 এখন নিজের মতো যদি বাঁচি, এখন পাল নিজের মতোই যদি বাঁচে
 সোনার পাথরবাটি সোনা হবে শেষে। তুমি কি এসব বোঝ? বুঝতে পারো না?

বুদ্ধদেব দাশগুপ্ত

